**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রাজশাহী**
**(গোপনীয় শাখা)**
www.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৪৩.০০০০.০০২.০৫.০০৩.২২. ৪৭ তারিখ: ২৬.০৫.২০২৬

**সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলা ভূমি অফিস পরিদর্শন প্রতিবেদন**

পরিদর্শনকারী কর্মকর্তা : ড. আ. ন. ম. বজলুর রশীদ
বিভাগীয় কমিশনার
রাজশাহী
পরিদর্শনের তারিখ : ১০ মে ২০২৬

গত ১০-০৫-২০২৬ তারিখে নিম্নস্বাক্ষরকারী সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলা ভূমি অফিস পরিদর্শন করি। পরিদর্শনকালে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ জনাব মোঃ আমিনুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), উল্লাপাড়া, সিরাজগঞ্জ এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে সমসাময়িক বিষয়সমূহ, গুরুত্বপূর্ণ রেজিস্টার, কেস নথি ও অন্যান্য বিষয় খতিয়ে দেখা হয়।

**১. হাজিরা খাতা :**

প্রত্যয়নসহ নির্ধারিত ফরমে হাজিরা খাতা ব্যবহার করা হচ্ছে এবং যথাযথভাবে ছুটির হিসাব সংরক্ষণ করা হচ্ছে।

মন্তব্য:

১.১ হাজিরা খাতায় সকল কর্মচারীর আগমন ও প্রস্থানের সময় উল্লেখপূর্বক স্বাক্ষর প্রদানের ধারা অব্যাহত রাখতে হবে।

১.২ কর্মকর্তা কর্তৃক প্রতিদিন হাজিরা খাতায় অনুস্বাক্ষর প্রদান অব্যাহত রাখতে হবে।

**২. ১নং রেজিস্টার (আর ও আর বহি):**

এ উপজেলায় মোট আরওআর বহির সংখ্যা ৬৬২টি এবং সবগুলোই ভালো। মৌজা সংখ্যা ২৬৩টি এবং মৌজা ম্যাপ সংখ্যা ২৬৩টি। নামজারি আদেশ মোতাবেক সঠিকভাবে আরওআর সংশোধন করা হচ্ছে।

মন্তব্য:

২.১ নামজারি অনুমোদনের পর আরওআর বহি সংশোধনের ধারা অব্যাহত রাখতে হবে।

২.২ আরওআর বহিতে স্বাক্ষরের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার নামসহ সিল থাকতে হবে।

**৩. ৬নং রেজিস্টার (সায়রাত রেজিস্টার):**

উপজেলায় মোট হাট-বাজারের সংখ্যা ২৬টি, এর মধ্যে পেরিফেরীভুক্ত ১৭টি। ২০ একরের নিম্নে জলমহালের সংখ্যা ১৯৭টি।

৩.১. যথাযথ বিধি-বিধান অনুসরণপূর্বক হাট-বাজারসমূহ ও জলমহালসমূহ ইজারা দিতে হবে।

**৪. ৭নং রেজিস্টার (বিবিধ আদায় রেজিস্টার):**

প্রত্যয়নসহ রেজিস্টারটি যথাযথভাবে ব্যবহার করা হচ্ছে। আদায়সমূহ নিয়মিতভাবে রেজিস্টারে এন্ট্রি করা হচ্ছে। এ অর্থবছরে এ পর্যন্ত বিবিধ আদায় ৬,৬৬,২৩৫/- টাকা। আদায়কৃত সমুদয় টাকা চালানের মাধ্যমে সংশ্লিষ্ট সরকারি খাতে জমা প্রদান করা হয়েছে।

মন্তব্য:

৪.১. আদায়কৃত টাকা যথাসময়ে ব্যাংকে জমা প্রদান করতে হবে এবং ক্যাশবহিতে এন্ট্রি করতে হবে।

**৫. ৮নং রেজিস্টার (খাস জমি রেজিস্টার):**

রেজিস্টারসমূহ ৪টি খণ্ডে সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে। ১ম খণ্ডে জমির পরিমাণ ৪৭৮৬.৮০২৫ একর, ২য় খণ্ডে ৯৯.৫৮৫২ একর, ৩য় খণ্ডে ২০১.৪০ একর এবং ৪র্থ খণ্ডে জমির পরিমাণ ১.৪৭ একর।

**মন্তব্য:**

৫.১ খাস জমি বন্দোবস্তের ক্ষেত্রে প্রকৃত ভূমিহীনদের বাছাই করতে হবে।

৫.২ ৮নং রেজিস্টারের সাথে ১২নং রেজিস্টার মিলিয়ে বন্দোবস্তকৃত ভূমির সঠিক হিসাব যাচাই করতে হবে।

**৬. ৯নং রেজিস্টার (নামজারি রেজিস্টার):**

নির্ধারিত ফরমে প্রত্যয়নসহ নামজারি রেজিস্টারটি সংরক্ষণ করা হচ্ছে। ই-নামজারী সফটওয়্যারে আদেশ প্রদান করা হচ্ছে এবং নামজারি আদেশ ROR এ যথাযথভাবে নোট করা হচ্ছে।

**মন্তব্য:**

৬.১ নামজারির আদেশের ক্ষেত্রে টেমপ্লেটের উপর পুরোপুরি নির্ভর না করে প্রয়োজনীয় সংশোধন করে তা ব্যবহার করতে হবে।

৬.২ সকল বিধি-বিধান অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে নামজারি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৬.৩ নামজারি মামলা পরিচালনার ক্ষেত্রে সেবাপ্রত্যাশীগণ যেন কোনভাবে হয়রানির শিকার না হন সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

**৭. ১২ নং রেজিস্টার (খাস জমি বন্দোবস্ত রেজিস্টার):**

রেজিস্টারটি যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে। এ পর্যন্ত বন্দোবস্তকৃত কৃষি খাস জমির পরিমাণ ৫৮৯.১৯ একর এবং অকৃষি খাস জমি বন্দোবস্তের পরিমাণ ২.২২ একর। বর্তমানে বরাদ্দের অপেক্ষায় কৃষি জমির পরিমাণ ৬১৫.৮৪ একর।

**মন্তব্য:**

৭.১ রেজিস্টারের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে।

৭.২ ৮নং রেজিস্টারের সাথে মিলিয়ে হিসাব ঠিক রাখতে হবে।

**৮. দেওয়ানী মামলা রেজিস্টার**

রেজিস্টারটি প্রত্যয়নসহ যথাযথভাবে ব্যবহার করা হচ্ছে। রেজিস্টারের সকল কলাম পূরণ করা হচ্ছে। গত মাসে ০৪টি এসএফ প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত এসএফ প্রেরণের জন্য পেন্ডিং মামলার সংখ্যা ০৩টি। বিগত বছরে সরকারের পক্ষে ৬২টি এবং বিপক্ষে ৬টি মামলার রায় হয়েছে।

৮.১ রেজিস্টারের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে।

৮.২ এসএফ-এ জমির তফসিল বিস্তারিতভাবে উল্লেখ করতে হবে।

৮.৩ নির্ধারিত সময়ের মধ্যে মামলার এসএফ দাখিল করতে হবে এবং সরকারি স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ের প্রতি সতর্ক দৃষ্টি রাখতে হবে।

**৯. ২৬ নং রেজিস্টার (পরিদর্শন রেজিস্টার):**

নির্ধারিত ফরমে প্রত্যয়নসহ পরিদর্শন রেজিস্টারটি ব্যবহার করা হচ্ছে। রেজিস্টার মোতাবেক সর্বশেষ গত ০৬-০২-২০২৬ তারিখে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ জনাব মোঃ আমিনুল ইসলাম অফিসটি পরিদর্শন করেছেন। পরিদর্শনের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে।

**মন্তব্য:**

৯.১ পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং পরিদর্শনকারী কর্মকর্তার নিকট বক্ষ্যমাণ জবাব প্রেরণ করতে হবে।

৯.২ উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) নিয়মিত বিরতিতে অফিসটি পরিদর্শন/দর্শন করবেন।

**১০. ভিপি লীজ রেজিস্টার:**

রেজিস্টারটি নির্ধারিত ছকে ও রেজিস্টারের সকল কলাম সঠিকভাবে পূরণ করা হচ্ছে দেখা গেল। অফিসের আওতাধীন মোট ভিপি জমির পরিমাণ ‘ক’ তালিকাভুক্ত ৪১১২.০০ একর এবং ‘খ’ তালিকাভুক্ত জমির পরিমাণ ৩৫২৬.১৮ একর। মোট লীজ কেস সংখ্যা ৭৫৬টি। যথাসময়ে নবায়ন হয়নি এরূপ লীজ কেস সংখ্যা ১২০টি। লীজ নথিতে নবায়নের আদেশ যথাযথভাবে লেখা হচ্ছে।

**মন্তব্য:**

১০.১ ইজারাকৃত সম্পত্তির রাজস্ব আদায় নিশ্চিত করতে হবে।

১০.২ ইজারার অর্থ যথাযথভাবে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

**১১. ভূমি উন্নয়ন করের দাবি:**

গত অর্থবছরে ভূমি উন্নয়ন করের দাবি ছিল সাধারণ-১,৭৯,৩৪,৭০৫/- টাকা এবং সংস্থা- ৩২,০৯,১০১/- টাকা। বর্তমান বছরে ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ১,৮৩,৫২,৬৩২/- টাকা এবং সংস্থার দাবি ৩০,৩১,৩১৭/- টাকা। এ পর্যন্ত সাধারণ আদায় ১,৯৩,৪৭,৬২৩/- টাকা এবং সংস্থার আদায় ১৫,৯২,০৫৭/- টাকা। ২৫ বিঘার উর্ধ্বে জোত সংখ্যা ১৭০০টি এবং ২৫ বিঘার নিচে জোত সংখ্যা ১,৯৫,৩৪৮টি।

**মন্তব্য:**

১১.১ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এবং ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাদের নিয়ে মাসিক সভা করে দাবি আদায়ের ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

১১.২ সংস্থার দাবী আদায়ে সহকারী কমিশনার (ভূমি)-কে সর্বদা তৎপর থাকতে হবে।

**১২. পত্র প্রাপ্তি রেজিস্টার:**

চলতি বছরের শুরু হতে ১০/০৫/২০২৬ তারিখ পর্যন্ত ১০৭৮টি পত্র গৃহীত হয়েছে দেখা গেল। উপস্থাপনযোগ্য পত্রসমূহ সংশ্লিষ্ট নথিতে উপস্থাপনপূর্বক নিষ্পন্ন করা হয়েছে। রেজিস্টারের সকল কলাম যথাযথভাবে পূরণ করা হচ্ছে।

**মন্তব্য:**

১২.১ পত্র প্রাপ্তি রেজিস্টারে যথাযথভাবে ব্যবহারের ধারা অব্যাহত রাখতে হবে।

**১৩. পত্র প্রেরণ রেজিস্টার:**

চলতি বছরের শুরু হতে ১০/০৫/২০২৬ তারিখ পর্যন্ত ৮০৬টি পত্র প্রেরণ করা হয়েছে। রেজিস্টারটি যথাযথভাবে ব্যবহার করা হচ্ছে।

**মন্তব্য:**

১৩.১ পত্র প্রেরণ রেজিস্টারে যথাযথভাবে ব্যবহারের ধারা অব্যাহত রাখতে হবে।

**১৪. <u>পরিদর্শনের সার্বিক মন্তব্য:</u>**

সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলা ভূমি অফিসের কার্যক্রম সন্তোষজনক।

**ড. আ. ন. ম. বজলুর রশীদ**
বিভাগীয় কমিশনার
রাজশাহী

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, সাতরাস্তা, ঢাকা-১২০৮ ।

৪। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।

৫। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

৬। সহকারী কমিশনার (ভূমি), উল্লাপাড়া, সিরাজগঞ্জ।